

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
প্রশাসন ও অর্থ ডিভিশন  
প্রশাসন ডিপার্টমেন্ট  
হিউম্যান রিসোর্সেস সেকশন  
[www.sec.gov.bd](http://www.sec.gov.bd)

বিএসইসি/প্রশাসন/২০:০১/১৯৯৩ (অংশ-১৭)/১৮৪

তারিখঃ ২৮ ফেব্রুয়ারি ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন স্কেল	গ্রেড	যোগ্যতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন না (তবে, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন)।
০১।	অফিস সহায়ক	০২ (দুই)	অনূর্ধ্ব ৩০ বছর	৮,২৫০/- - ২০,০১০/-	গ্রেড- ২০	কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যান্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	পাবনা, কুড়িগ্রাম, মুন্সীগঞ্জ, ঝালকাঠি, কিশোরগঞ্জ, বরিশাল, শরিয়তপুর, কুমিল্লা, গাইবান্ধা, টাংগাইল, যশোর, জামালপুর, কক্সবাজার, সিলেট, নরসিংদী, নোয়াখালী, দিনাজপুর, নওগাঁ, ব্রাহ্মণবাড়িয়া, সাতক্ষীরা, শেরপুর, সিরাজগঞ্জ, ঝিনাইদহ, খুলনা, ফরিদপুর, গোপালগঞ্জ, পটুয়াখালী, গাজীপুর, রংপুর, ভোলা।

গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-  
১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য়  
বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ

এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ
জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম	তৃতীয় বিভাগ

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ

ক) আগ্রহী প্রার্থীগণ অনলাইনে আগামী ০৩ মার্চ ২০২৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ১৮ মার্চ ২০২৪ তারিখ বাংলাদেশ সময় রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত আবেদন করতে পারবেন।

খ) প্রার্থীগণ [www.sec.gov.bd](http://www.sec.gov.bd) এই ওয়েবসাইটে আবেদন পত্র পূরণের লিংক পাবেন।


গ) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে ক্রমিক নং ০১ এ উল্লিখিত পদের জন্য ১০০.০০ (একশত) টাকা আবেদন ফি বিকাশ/নগদ এর মাধ্যমে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, আবেদনপত্র দাখিলের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে প্রযোজ্য ফি জমা প্রদান করতে হবে।

ঘ) ১৮ মার্চ ২০২৪ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। সরকারি বিধান মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
প্রশাসন ও অর্থ ডিভিশন  
প্রশাসন ডিপার্টমেন্ট  
হিউম্যান রিসোর্সেস সেকশন  
[www.sec.gov.bd](http://www.sec.gov.bd)

- চ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তথ্য ভুল প্রমাণিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। কোনো প্রকার তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ছ) ২০তম গ্রেডে নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- জ) পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে।
- ঝ) এমসিকিউ, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ঞ) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ট) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ওয়েবসাইট [www.sec.gov.bd](http://www.sec.gov.bd)- এ পাওয়া যাবে।

  
ইনজামুল হক

সহকারী পরিচালক (প্রশাসন)  
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
ফোনঃ +8809609100600 Ext. 1150  
ই-মেইলঃ [injam@sec.gov.bd](mailto:injam@sec.gov.bd)